# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৪২ টি প্রতিষ্ঠানকে ২.০৩ লক্ষ টাকা জরিমানা

**৪ এপ্রিল ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, মৌলভীবাজার, বগুড়া, পটুয়াখালী, ময়মনসিংহ, মাগুড়া, খুলনা, কুষ্টিয়া, ফেনী শরীয়তপুর, বরিশাল, নাটোর শেরপুরে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক শাহনাজ সুলতানা এর নেতৃত্বে ঢাকা মহানগরীর পলাশী বাজার ও হাতিরপুল এলাকায় পণ্যের মোড়ক ইত্যাদি ব্যবহার না করা, মূল্যের তালিকা প্রর্দশন না করা, অবৈধ প্রক্রিয়ায় পণ্য উৎপাদন বা প্রক্রিয়াকরণ, ওজনে কারচুপি করার অপরাধে লিটন মাংস বিতান, বাগাবাড়ী ডেইরি এন্ড সুইটস, ঘরের খাবার ও লবস্টার কিং রেষ্টুরেন্ট কে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা সহ মোট **৫৭,০০০/-(সাতান্ন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

মৌলবীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিম এর নেতৃত্বে মৌলভীবাজার সদর উপজেলার ৩টি প্রতিষ্ঠানকে ২৩,০০০/- (তেঁইশ হাজার) টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরিফুল ইসলাম এর নেতৃত্বে বগুড়ার সদর উপজেলার ২টি প্রতিষ্ঠানকে ৮,০০০/- (আট হাজার) টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচাল আল-আমিন এর নেতৃত্বে পটুয়াখালীর সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা, ময়মনসিংহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইব্রাহিম এর নেতৃত্বে ময়মনসিংহের পূর্বধলা উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা, মাগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল এর নেতৃত্বে মাগুড়ার শ্রীপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলম এর নেতৃত্বে খুলনা সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সেলিমুজ্জামান এর নেতৃত্বে কুষ্টিয়ার মিরপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক রায়হান কুদ্দুস এর নেতৃত্বে ফেনীর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১৩,০০০/- (তের হাজার) টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদৌস এর নেতৃত্বে শরীয়তপুরের ভেদরগঞ্জ উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শাহ শোয়াইব মিয়া এর নেতৃত্বে বরিশালের কাউনিয়া উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৭,০০০/- (সাত হাজার) টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফারুক আহমেদ এর নেতৃত্বে নাটোরের বড়াই উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজারা) টাকা ও শেরপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আরিফুল ইসলাম এর নেতৃত্বে শেরপুর সদর উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট **১,২৯০০০/- (এক লক্ষ উনত্রিশ) টাকা** অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ মামুনুল হাসান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যর অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Amigos Banquet & Restaurant ও চাপ স্টেশন কে ২,০০০/- (দুই হাজার) টাকা ও ১,০০০/- (এক হাজার) টাকাসহ মোট **৩,০০০/-(তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ফাহমিনা আক্তার কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যর অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে সিটি শর্মা হাউস, ফল্গুনী ফুড ভিলেজ, The court Chinese Bowl Authentic Hakka, চাপ ষ্টেশন ও ব্রকনি রেষ্টুরেন্ট কে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা, ২,০০০/- (দুই হাজার) টাকা ও ১,০০০/- (এক হাজার) টাকাসহ মোট **৮,০০০/- (আট হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ৫ জন অভিযোগকারীকে জরিমানার ২৫ % হিসেবে ২,০০০/- (দই হাজার) টাকা প্রদান করা হয়।

খুলনা জেল কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনুর আলম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে কাইফিন চাইনিজ রেষ্টরেন্ট ও টাইগার গার্ডেন হোটেল কে ৩,০০০/- (তিন হাজার) টাকা ও ৩,০০০/- (তিন হাজর) টাকাসহ মোট **৬,০০০/- (ছয় হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়।

আজকের **১৪টি** বাজার তদারকির ও **৯টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৪২টি** প্রতিষ্ঠানকে মোট **২,০৩০০০/- (দুই লক্ষ তিন হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৯ জন** অভিযোগকারীকে মোট **৪,২৫০/- (চার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।  তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, মৎস্য কর্মকর্তা, সিভিল সার্জনের প্রতিনিধি, কৃষি অফিসার, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, খুলনা, রংপুর, বরিশাল ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, ময়মনসিংহ, মাদারীপুর, শেরপুর, নাটোর, সাতক্ষীরা, ভোলা, সিরাজগঞ্জ, ঝিনাইদহ, চাঁদপুর, বরিশাল, মেহেরপুর, লালমনিরহাট, বরগুনা, নোয়াখালী, সিলেট ও জয়পুরহাট।
৭। পুলিশ সুপার, ঢাকা, ময়মনসিংহ, মাদারীপুর, শেরপুর, নাটোর, সাতক্ষীরা, ভোলা, সিরাজগঞ্জ, ঝিনাইদহ, চাঁদপুর, বরিশাল, মেহেরপুর, লালমনিরহাট, বরগুনা, নোয়াখালী, সিলেট ও জয়পুরহাট।
৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।